কালের কণ্ঠ

তারিখ 24 APR 2015
পৃষ্ঠা 2 কলাম 6

# রংপুর মেডিক্যাল কলেজ খুলছে আগামীকাল

**রংপুর অফিস ▷**

ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের জের ধরে ১০ দিন বন্ধ থাকার পর আগামীকাল শনিবার রংপুর মেডিক্যাল কলেজ খুলে দেওয়া হচ্ছে। সেই সঙ্গে শিক্ষার্থীদের নিজ নিজ হলে ওঠার নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার কলেজ একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। গত ১৫ এপ্রিল ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে জের ধরে রংপুর মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণাসহ শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দিয়েছিল কলেজ কর্তৃপক্ষ।

রংপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. জাকির হোসেন জানান, কলেজের সার্বিক পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় গতকাল বৃহস্পতিবার কলেজ একাডেমিক কাউন্সিলের সভা আহ্বান করা হয়। এতে সব বিভাগের বিভাগীয় প্রধানরা উপস্থিত ছিলেন। সভায় কলেজ ও হল খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। শিক্ষার্থীরা নিজ নিজ পরিচয়পত্র দেখিয়ে হলে উঠতে পারবে এবং আগামীকাল শনিবার থেকে ক্লাস ও পরীক্ষা চলবে।